দৈনিক সংবাদ

২৬/৩/২০০৩

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৩

শিক্ষক সমিতির বিবৃতি

# সরকার বেসরকারি শিক্ষকদের অধিকার খর্বের চেষ্টা করছেন

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ মো. কামরুজ্জামান ও সাধারণ সম্পাদক চৌধুরী খুরশিদ আলম শনিবার এক বিবৃতিতে বলেছেন, 'আমরা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি যে, বহু আন্দোলন সংগ্রামের মাধ্যমে ১৯৬৯ সালে সরকার কর্তৃক প্রদত্ত বেসরকারি শিক্ষকদের রাজনৈতিক ও নাগরিক অধিকার খর্ব করার জন্য বর্তমান সরকার প্রচেষ্টা চালাচ্ছেন।' বিবৃতিতে বলা হয়, সম্প্রতি ঢাকা জেলা প্রশাসক বিভিন্ন স্কুলে পাঠানো এক সার্কুলারে শিক্ষকদের রাজনৈতিক কর্মকাণ্ড হতে, বিশেষ করে নির্বাচনে কোন প্রার্থীর অনুকূলে নির্বাচনী কর্মকাণ্ড হতে বিরত থাকার জন্য প্রশাসনিক নির্দেশ দিয়েছেন। এই নির্দেশ শিক্ষকদের রাজনৈতিক ও নাগরিক অধিকার খর্ব করার শামিল।

বিবৃতিতে এই নির্দেশের তীব্র প্রতিবাদ এবং অবিলম্বে তা প্রত্যাহারের জন্য আহ্বান জানানো হয়েছে।